

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
www.nationalsavings.gov.bd

নং-০৮.০৪.০০০০.০০৭.৮৮.০২৬.১৭- ২৬০৮

তারিখঃ ০১ অগ্রহায়ণ ১৪২৪ বঃ
১৫ নভেম্বর ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ উঠান বৈঠক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভার কর্মপরিকল্পনা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ক্ষুদ্র আয়ের প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে জাতীয় সঞ্চয় অধিদপ্তর প্রতি বছর উঠান বৈঠক ও সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করে থাকে। ২০১৭-১৮ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ক্ষুদ্র আয়ের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য উঠান বৈঠক এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভা করার বাধ্যবাধকতা রয়েছে।

০২। এমতাবস্থায়, তাঁর দপ্তর কর্তৃক কমপক্ষে দু'টি করে উঠান বৈঠক এবং দু'টি করে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ সভার কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক দশ কর্ম দিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(রাজিয়া বেগম)

উপ-পরিচালক

ফোন: ০২-৯৫৭৭৮০৩

E-mail: pro.nsd.bd@gmail.com

বিতরণঃ

- ০১) উপ-পরিচালক (সকল), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়-----।
- ০২) সহকারী পরিচালক / সঞ্চয় অফিসার (সকল), জেলা সঞ্চয় অফিস/ব্যুরো,-----।
- ০৩) অফিস কপি।